

State Visit of the President of India to the Kingdom of the Netherlands (April 4-7, 2022)

April 06, 2022

ভারতের রাষ্ট্রপতির নেদারল্যান্ড রাজতন্ত্রে রাষ্ট্রীয় সফর (এপ্রিল 4-7,2022)

এপ্রিল 06,2022

ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ এবং ফার্স্ট লেডি শ্রীমতি সবিতা কোবিন্দ, নেদারল্যান্ড রাজতন্ত্রের মহামান্য রাজা উইলেম-আলেকজান্ডার এবং মহামান্য রানী ম্যাক্সিমা আমন্ত্রণে 4-7এপ্রিল 2022 -এ নেদারল্যান্ড রাজতন্ত্রে একটি রাষ্ট্রীয় সফর করেছেন। তাদের সাথে মৎস্য, পশুপালন ও ডেয়ারি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রী লোগানাথান মুরুগান এবং সাংসদ শ্রী দিলীপ ঘোষ সফরসঙ্গী ছিলেন।

2. এই বছরে ভারত এবং নেদারল্যান্ড তাদের কূটনৈতিক সম্পর্কের 75 বছর উদযাপন করছে এবং সেই কারণে নেদারল্যান্ডে ভারতের রাষ্ট্রপতির এই সর্বপ্রথম সফরটি একটি গুরুত্বপূর্ণ মাইকফলক হিসেবে চিহ্নিত হয়েছে। প্রায় তিনদশক পরে নেদারল্যান্ডে এই প্রথম ভারতের কোনও রাষ্ট্রপ্রধান রাষ্ট্রীয় সফর করলেন।

3. 5ই এপ্রিল 2022 তারিখে আমস্টার্ডামে রাজকীয় প্রাসাদে মহামান্য রাজা উইলেম-আলেকজান্ডার এবং মহামান্য রানী ম্যাক্সিমা সপূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রপতিকে বরণ করেন। 6ই এপ্রিল 2022 তারিখে নেদারল্যান্ডের প্রধানমন্ত্রী মিস্টার মার্ক রুত্তে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করেন। ওই একই দিনে রাষ্ট্রপতি ডাচ সংসদও পরিদর্শন করেন এবং সেখানে তাকে বরণ করে নেন সেনেটের প্রেসিডেন্ট মিস্টার জ্যান অ্যান্থনি রুইন ও হাউজ অব রিপ্রেজেন্টেটিভের প্রেসিডেন্ট শ্রীমতী ভেরা বার্গক্যাম্প।

4. মহামান্য রাজা উইলেম-আলেকজান্ডারের সাথে তার বৈঠকে, রাষ্ট্রপতি দুটি গণতন্ত্র, প্রধান অর্থনীতি, উদ্ভাবন ও প্রযুক্তির চালক এবং মুক্ত ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিকের মূল প্রবক্তা হিসাবে ভারত ও নেদারল্যান্ডের মধ্যে প্রাকৃতিক অংশীদারিত্ব এবং সমন্বয়ের কথা তুলে ধরেন। তারা জল, কৃষি, স্বাস্থ্য, পরিবেশ ও ক্লীন এনার্জী, জনগণের সাথে জনগণের এবং সাংস্কৃতিক সহযোগিতার মত অগ্রাধিকার ক্ষেত্রে সহযোগিতাকে আরও শক্তিশালী করার উপায় নিয়ে

আলোচনা করেছেন। উভয় নেতা বর্তমান আঞ্চলিক এবং আন্তর্জাতিক ঘটনাবলী নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময়ও করেছেন।

5. ডাচ প্রধানমন্ত্রীর সাথে আলোচনার সময় রাষ্ট্রপতি, 09 এপ্রিল 2021 -এ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং প্রধানমন্ত্রী রুত্তের সাথে ভার্চুয়াল শীর্ষ সম্মেলন ও জল নিয়ে কৌশলগত অংশীদারিত্ব ঘোষণার কথা স্মরণ করেছেন। উভয় পক্ষ 29শে মার্চ 2021-এ জলশক্তি মন্ত্রী এবং ডাচ পরিকাঠামো ও জল মন্ত্রীর মধ্যে জল নিয়ে কৌশলগত অংশীদারিত্বের উপরে যৌথ বিবৃতিতে স্বাক্ষর করা নিয়ে খুশী ব্যক্ত করেছেন, যেটি এই মূল সেক্টরে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করার জন্য একটি রোডম্যাপ তৈরি করে যাতে ডাচদের দক্ষতা এবং অভিজ্ঞতার সাহায্যে অনেকগুলি সাধারণ জল সংক্রান্ত প্রতিবন্ধকতাগুলির মোকাবিলা করা যায়। রাষ্ট্রপতি ভূ-স্থানিক ম্যাপিং, কৃত্রিম বুদ্ধিমত্তা, ক্লিন এনার্জি, সহায়ক প্রযুক্তি এবং বায়ো-মেডিকেল ডিভাইসের ক্ষেত্রে কাজ করা ডাচ স্টার্ট-আপ এবং এসএমইকে 'মেক ইন ইন্ডিয়া' এবং ভারতে উদ্ভাবনের জন্য স্বাগত জানান।

5. সফরকালে রাষ্ট্রপতি ও ফার্স্ট লেডি দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও সশস্ত্র সংঘাতে প্রাণ উৎসর্গকারীদের স্মরণে ডায়ম স্কয়ারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। তারা বিখ্যাত কেউকেনহফ টিউলিপ গার্ডেনে একটি বিশেষ অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন যাতে ভারতের মানুষ এবং নেদারল্যান্ডের জনগণের মধ্যে ঐতিহাসিক বন্ধুত্বের প্রতীক হিসেবে 'মৈত্রী' টিউলিপের নামকরণ করা হয়। রাষ্ট্রপতি নেদারল্যান্ডসে সুরিনামি-হিন্দুস্থানি সম্প্রদায়ের সদস্যদের প্রতিনিধি সহ ভারতীয় সম্প্রদায় এবং ভারতের বন্ধুদের একটি সমাবেশে ভাষণ দেন যেখানে তিনি স্বাগতিক দেশে তাদের ইতিবাচক অবদান এবং ভারত ও নেদারল্যান্ডের মধ্যে জীবন্ত সেতু হিসাবে তাদের ভূমিকার কথা স্বীকার করেন।

7. রাষ্ট্রপতি ও তৎসহ নেদারল্যান্ডের মহামান্য রাজা ও রানী, আজাদি কা অমৃত মহোৎসবের (একেএএম)-এর অঙ্গ হিসেবে নেদারল্যান্ডের ভারতীয় দূতাবাস ও ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন (আইসিসিআর)-এর যৌথ উদ্যোগে অনুষ্ঠিত চেল্লাইয়ের কলাক্ষেত্র দ্বারা পরিবেশিত বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান 'রামায়ন' ও দেখেন।

8. রাষ্ট্রীয় সফরের ফাঁকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথির কথা ঘোষণা করা হয়েছে। এগুলির মধ্যে রয়েছে 1) বন্দর, সামুদ্রিক পরিবহন এবং লজিস্টিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার উপরে মোউ-এর সম্প্রসারণ, ii) ভারত সরকারের ও জৈব প্রযুক্তি বিভাগ ও নেদারল্যান্ড সরকারের কৃষি

ও উদ্ভাবন , অর্থনৈতিক বিষয়ক মন্ত্রকের মধ্যে সহযোগিতা কার্যক্রমের সম্প্রসারণ। iii) নেদারল্যান্ডসের ন্যাশনাল আর্কাইভসের 17 শতকের আর্কাইভগুলিকে ডিজিটাইজ করার এবং ভারতীয় ও আন্তর্জাতিক গবেষকদের কাছে সেগুলি উপলব্ধ করার বিষয়ে কসমস মালাবারিকাস প্রকল্পের জন্য লিডেন ইউনিভার্সিটি এবং কেরালা কাউন্সিল অফ হিস্টোরিক্যাল রিসার্চের মধ্যে সমঝোতা স্মারক।(iv) বন্টিত সাংস্কৃতিক ঐতিহ্যের কার্যক্রম সম্পাদনের বিষয়ে রাজ্যের আর্কাইভস বিভাগ বা মহাফেজ খানা , কেরালা এবং নেদারল্যান্ডসের জাতীয় মহাফেজখানার সাথে সমঝোতা স্মারকের সম্প্রসারণ।

9. ভারত এবং নেদারল্যান্ডস দীর্ঘস্থায়ী বন্ধুত্বপূর্ণ এবং বহুমুখী সম্পর্ক উপভোগ করে যা সহযোগিতার একটি বিস্তৃত এজেন্ডা গণতন্ত্র, আইনের শাসন এবং বৈশ্বিক ও আঞ্চলিক বিষয়গুলিতে ক্রমবর্ধমান অভিসার দ্বারা চিহ্নিত। রাষ্ট্রপতির রাষ্ট্রীয় সফর, যেটি ভারত এবং নেদারল্যান্ড উভয়ই কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 75 তম বার্ষিকী উদযাপন করার সময় সংঘটিত হয়েছিল, উভয় জনগণের পারস্পরিক সুবিধার জন্য সম্পর্ককে আরও গভীর করার প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে এবং পুনর্ব্যক্ত করে।

নিউ দিল্লি

এপ্রিল 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.